তারুণ্য বার্তা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর একটি অনলাইন বার্তাপত্র

মটমুড়া ইউনিয়নে ইয়ুথের সমন্বসভা

গত ১৮ই জুলাই ২০২০ তারিখে মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। হাজী ভরস উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত সভাটি সঞ্চালনা করেন ইউনিটের উপদেষ্টা মুকুল হোসেন।

সভায় করোনাসহিষ্ণু গ্রাম গড়তে করণীয়, বই পড়া ও বিতর্ক প্রতিযোগিতা, ইউনিটের কাজের অভিজ্ঞতা, ইউনিটকে আরও গতিশীল করতে করণীয় ইত্যাদি বিষয়ে অংশগ্রহণমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় আগামী তিন

মাসে মটমুড়া ইউনিয়নব্যাপী বৃক্ষরোপণ অভিযান করার সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়াও অনলাইনে নিয়মিত মাসিক সভা, ১০টি গ্রামে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের ইউনিটসমূহের নিয়মিত ফলোআপ সভা আয়োজন এবং আগামী ৫ আগস্ট ঈদ আড্ডা ও মাসিক সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সমন্বয় সভায় উপস্থিত ছিলেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী রাকিবুল ইসলাম রকি, দি হাঙ্গার প্রজেক্ট-এর গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, দি হাঙ্গার প্রজেক্ট মটমুড়া ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার, মটমুড়া ইউনিয়ন ভলান্টিয়ার ফোরামের সভাপতি হাসান আলী, ইয়ুথ এন্ডিং হাঙ্গার মেহেরপুর জেলার সাংগঠনিক সম্পাদক সবুজ খানসহ ইউনিটের সদস্যবৃন্দ।

উল্লেখ্য, সভায় শারীরিক দূরত্ব বজায় রাখাসহ করোনাভাইরাস থেকে সুরক্ষিত থাকতে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়।

করোনা প্রতিরোধে তারুণ্য
হবিগঞ্জে ইয়ুথ লিডারদের স্বেচ্ছাব্রতী উদ্যোগ

প্রচারপত্র বিতরণ

নিজেদের তৈরি প্রচারপত্র নিয়ে এবার মাঠে নেমেছেন হবিগঞ্জ জেলার ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের তরুণ স্বেচ্ছাব্রতীরা। করোনাভাইরাসের এই মহামারীর সময়ে তারা এবার সাধারণ মানুষের মধ্যে সচেতনতামূলক প্রচারপত্র ও সাবান বিতরণ করেন।

হবিগঞ্জ জেলার সদর উপজেলার গোপায়া ইউনিয়নে ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ হবিগঞ্জ জেলার যুগ্ম-কো-অর্ডিনেটর আব্দুল জলিল এর উদ্যোগে গোপায়া ইয়াং স্টার ক্রীড়া সংগঠনের সহায়তায় গ্রামে নারী পুরুষদের মাঝে প্রচারপত্র ও সাবান বিতরণ করা হয়। এই কার্যক্রমে উপস্থিত ছিলেন আব্দুল জলিল, আব্দুল সালাম, রাজু, বাদল, জসিম উদ্দিন, রানা প্রমুখ

জীবাণুনাশক স্প্রে

হবিগঞ্জ জেলার ইয়ুথ লিডার শফিউল আলম ফজল এর নিজস্ব উদ্যোগে বাহুবল উপজেলার মিরপুর ইউনিয়নের সাটিয়াজুরী বাজারে ইয়ুথ লিডারদের সাথে নিয়ে জীবাণুনাশক স্প্রে করেন এবং বাজারের ব্যবসায়ী ও ক্রেতাদের মাঝে সচেতনতামূলক তথ্য প্রচার করেন। তারা স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সবাইকে অনুরোধ করেন। শফিউল আলম ফজল সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে এই কর্মসূচি পরিচালনা করেন, যা এলাকার মানুষদের উৎসাহিত করেছে।

মানবিক সহায়তা

হবিগঞ্জের ইয়ুথ লিডাররা জেলা কো-অর্ডিনেটর মোতালিব তালুকদার দুলাল এর নেতৃত্বে করোনা প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। গত ২২ এপ্রিল একজন জনদরদি প্রবাসীর আর্থিক সহায়তায় সদর উপজেলার নিজামপুর ইউনিয়নের পাইপ পাড়া, নিখিলচোখ, ফকিরাবাদ, চতুল ও সুয়ারগাঁও গ্রামের ৬০টি পরিবারকে খাদ্য সহায়তা প্রদান করা হয়।

স্থানীয় ইয়ুথ লিডারগণ ও গ্রামের সমাজিক সংগঠন "সাম্যবীণা সমাজকল্যাণ সংস্থা"র সদস্যরা যৌথভাবে এই মানবিক কার্যক্রম পরিচালনা করেন। প্রতিটি পরিবারকে তারা সাড়ে তিন কেজি চাল, আড়াই কেজি আলু, এক কেজি করে পিঁয়াজ ও ডাল, আড়াইশ গ্রাম রসুন, এক লিটার তেল, আধা কেজি করে লবণ ও ছোলা এবং একটি করে সাবান দেন।

যুব নাগরিক কমিটি গঠন

ইয়ুথ লিডার মোতালিব তালুকদার দুলাল এর নেতৃত্বে ২৫ ও ২৬ মে স্থানীয় ইয়ুথ লিডার ও নিজামপুর ইউনিয়ন এর যুবকদের নিয়ে করোনা প্রতিরোধে যুব নাগরিক কমিটিটি গঠন হয়। এলাকার শতাধিক যুবক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই কমিটিতে সম্পৃক্ত হয়েছেন। কমিটির উদ্যোগে এলাকায় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতোমধ্যে কমিটির উদ্যোগে করোনাভাইরাস থেকে সুরক্ষা বিষয়ে ১,২০০টি প্রচারপত্র তৈরি করে এলকাবাসীর মধ্যে বিতরণ করা হচ্ছে।

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD
হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬